সদর দপ্তর
বাংলাদেশ কোস্ট গার্ড
পার্সোনেল পরিদপ্তর
আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

ফোন ঃ ৪১০২৫৬০৯, ফ্যাক্স ঃ ৪১০২৫৬০১
ই-মেইল ঃ cghqdpers@gmail.com

১৭ আষাঢ় ১৪৩৩

৪৪.০৮.২৬৮০.০৪০.৬৬.০০১.২৬.১৪৮০ ০১ জুলাই ২০২৬

**বাংলাদেশ কোস্ট গার্ডে কর্মরত ব্যক্তিগত নং- ২০০৩৩১ মোঃ আল-আমিন, হিসাবরক্ষক এর বিরুদ্ধে গুরুদণ্ড (চাকুরি হতে অপসারণ) প্রদান প্রসঙ্গে**

সূত্র ঃ

ক। কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০।
খ। স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ পত্র নং ৪৪.০০.০০০০.১১৮.০১.০০২.১৪ (অংশ)/১০০/১(৭) তারিখ ০৪ মার্চ ২০১৯।
গ। কোস্ট গার্ড সদর দপ্তর পত্র নং ৪৪.০৮.২৬৮০.০৪০.৬৬.০০১.২৩.২৫৬৪ তারিখ ১২ ডিসেম্বর ২০২৩।
ঘ। কোস্ট গার্ড সদর দপ্তর পত্র নং ৪৪.০৮.২৬৮০.০৪০.৬৬.০০১.২৪.১২২ তারিখ ১৫ জানুয়ারি ২০২৪।
ঙ। স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ পত্র নং ৪৪.০০.০০০০.১১৮.৯৯.০০০২.২৫.৩৩ তারিখ ২৪ মে ২০২৫।
চ। কোস্ট গার্ড সদর দপ্তর পত্র নং ৪৪.০৮.২৬৮০.০৪০.৬৬.০০১.২৫.১৪৮৯ তারিখ ৩০ জুন ২০২৬।
ছ। স্বরাষ্ট্র মন্ত্রণালয় পত্র নং ৪৪.০০.০০০০.১১৮.২৭.০০১.২৪-৫৯ তারিখ ২৯ জুন ২০২৬।

১। যেহেতু, জনাব ব্যক্তিগত নং-২০০৩৩১ মোঃ আল-আমিন, হিসাবরক্ষক (সাময়িক বরখাস্তকৃত) গত ১০ মে ২০০৩ বাংলাদেশ কোস্ট গার্ডে ক্যাশিয়ার পদে (৩য় শ্রেণি) যোগদান করেন। তিনি গত ০৪ মার্চ ২০১৯ ক্যাশিয়ার হতে হিসাবরক্ষক পদে (২য় শ্রেণি) পদোন্নতি প্রাপ্ত হন (সূত্র-খ)। তার বিরুদ্ধে কোস্ট গার্ড সদর দপ্তর/লজিস্টিকস্ পরিদপ্তরে কর্মরত থাকাবস্থায় প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে বিল পাশ করানোর বিনিময়ে বিভিন্ন সরবরাহকারী ও অন্যান্য ব্যক্তিবর্গের নিকট হতে গত ২০১৩-২০২২ সময়কালে মোট টাকা ৭৮,৯৩,৯৯৬/০০ (টাকা আটাত্তর লক্ষ তিরানব্বই হাজার নয়শত ছিয়ানব্বই মাত্র) অবৈধভাবে গ্রহণের তথ্য পাওয়া যায়;

২। যেহেতু, জনাব ব্যক্তিগত নং-২০০৩৩১ মোঃ আল-আমিন, হিসাবরক্ষক এর উপর্যুক্ত অনিয়ম/দুর্নীতির বিষয়ে গত ৩০ নভেম্বর ২০২২ একটি প্রাথমিক তদন্ত পর্ষদ গঠন করা হয়। প্রাথমিক তদন্তে কর্মচারীর বিরুদ্ধে বিভিন্ন সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে বিল ছাড়করণের বিনিময়ে অনৈতিকভাবে লেনদেন এবং কোস্ট গার্ড সদর দপ্তরে কর্মরত এমটিডিদের নিকট হতে ওভারটাইম বিল পাশ করানোর জন্য নগদ টাকা গ্রহণের সত্যতা পাওয়া যায়। এছাড়াও তিনি কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত সেকেন্ডারি শেয়ার ব্যবসায় জড়িত ছিলেন। অতঃপর প্রাথমিক তদন্ত পর্ষদের সুপারিশের প্রেক্ষিতে কর্মচারীর বিরুদ্ধে সূত্র ক মোতাবেক বিভাগীয় মামলা নং ০২/২০২৩ রুজুকরত তদন্তের জন্য ০২ (দুই) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়;

৩। যেহেতু, তদন্ত কমিটি গত ২১ সেপ্টেম্বর ২০২৩, দাখিলকৃত প্রতিবেদনে ব্যক্তিগত নং- ২০০৩৩১ জনাব মোঃ আল-আমিন, হিসাবরক্ষককে সূত্র ক-এর প্রবিধান ৩৯ (ক,খ,ঙ) মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে দোষী সাব্যস্ত করে। অতঃপর মহাপরিচালক কর্তৃক সূত্র ক মোতাবেক জনাব মোঃ আল-আমিন, হিসাবরক্ষক (ব্যক্তিগত নং-২০০৩৩১)-কে চাকুরি হতে অপসারণের গুরুদণ্ড আরোপের চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয়। অভিযুক্ত কর্মচারী ২য় শ্রেণির গেজেটেড কর্মচারী হওয়ায় সরকারি বিধি অনুযায়ী তার বিরুদ্ধে গুরুদণ্ড (চাকুরি হতে অপসারণ) আরোপের পূর্বে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয়ের পরামর্শ চাওয়া হলে (সূত্র-ঘ) কর্ম কমিশন সচিবালয় এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় অভিযুক্ত কর্মচারীকে সূত্র ক-এর প্রবিধান ৪০(১)(খ)(ঈ) মোতাবেক **"চাকুরি হতে অপসারণ"** গুরুদণ্ড আরোপ করার নির্দেশনা প্রদান করে (সূত্র ঙ এবং ছ);

৪। সেহেতু, জনাব ব্যক্তিগত নং-২০০৩৩১ মোঃ আল-আমিন, হিসাবরক্ষককে বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয়ের পরামর্শ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সূত্র ক-এর প্রবিধান ৪০(১)(খ)(ঈ) মোতাবেক গুরুদণ্ড হিসেবে চাকুরি হতে অপসারণ এর চূড়ান্ত আদেশ প্রদান করা হলো।

৫। এ আদেশ সাময়িক বরখাস্তের তারিখ হতে কার্যকর হবে।

মোঃ জিয়াউল হক
রিয়ার এডমিরাল
মহাপরিচালক

বিতরণ ঃ
বহিস্থ ঃ
কার্য ঃ

জোনাল কমান্ডার ঢাকা জোন
অধিনায়ক, সদর দপ্তর সাপোর্ট ইউনিট } - (এতদ্‌বিষয়ে গুরুদণ্ড কার্যকরকরতঃ পার্সোনেল পরিদপ্তরকে অবহিতকরণের অনুরোধসহ)।

জনাব, ব্যক্তিগত নং-২০০৩৩১ মোঃ আল-আমিন, হিসাবরক্ষক
সদর দপ্তর, লজিস্টিকস্ পরিদপ্তর

অবগতি ঃ

সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
দৃষ্টি আকর্ষণ ঃ উপসচিব (সীমান্ত-৩)

সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭।

রিজিওনাল কমান্ডার (সেন্টার)

অন্তস্থ ঃ
অবগতি ঃ

পরিচালক (লজিস্টিকস্) - বেতন ও আর্থিক বিষয়াদি নিরূপনের অনুরোধসহ।
পরিচালক (গোয়েন্দা)
পরিচালক (আইটি ও যোগাযোগ) - কোস্ট গার্ড ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
জাজ অ্যাডভোকেট জেনারেল